

| | | | |
|--|----------------|-------------|----------|
| নির্বাহী প্রকৌশলীর কার্যালয় গণপূর্ত ই/এম এম আই এস বিভাগ-২, ঢাকা। | | | |
| ডায়েরী নং: ৫০০ | তারিখ: ২১/৩/২৩ | প্রকৌশলী: | |
| অ: স: | স: প্র: | উ: বি: প্র: | নি: প্র: |
| | | | |

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধান প্রকৌশলীর কার্যালয়
গণপূর্ত অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা
www.pwd.gov.bd



সংস্থাপন শাখা-১

নম্বর ২৫.৩৬.০০০০.২১৫.২৫.০০৫.২২.৩২৩

তারিখ: ১৫ চৈত্র ১৪২৯

২৯ মার্চ ২০২৩

বিজ্ঞপ্তি

বিষয়: বাংলাদেশ সিভিল সার্ভিস ক্যাডারভুক্ত ও নন ক্যাডার কর্মকর্তাদের অর্ধ-বার্ষিকী বিভাগীয় পরীক্ষা, জুন-২০২৩ অনুষ্ঠান প্রসংগে।

সূত্র: বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়ের বিজ্ঞপ্তি নম্বরঃ ৮০.০০.০০০০.১০৪.৩৯.০০১.২৩-৭২, তারিখঃ ০২/০৩/২০২৩খ্রিঃ।

সম্মানের সাথে উপর্যুক্ত বিষয়ে ও সূত্রে বর্ণিত স্মারকের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ সিভিল সার্ভিস ক্যাডারভুক্ত কর্মকর্তাদের ২০২৩খ্রিঃ সালের অর্ধ-বার্ষিকী বিভাগীয় পরীক্ষা, জুন/২০২৩ এ অনুষ্ঠানের লক্ষ্যে বাংলাদেশ সরকারি কর্ম কমিশন হতে বিজ্ঞপ্তি জারি করা হয়েছে। পরীক্ষাসূচী যথাসময়ে দৈনিক পত্রিকায় এবং বাংলাদেশ সরকারি কর্ম কমিশনের ওয়েব সাইট www.bpsc.gov.bd অথবা <http://bpsc.teletalk.com.bd> এ প্রকাশ করা হবে মর্মে বিজ্ঞপ্তিতে উল্লেখ রয়েছে। উক্ত পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক বিসিএস (গণপূর্ত) ক্যাডারের কর্মকর্তাগণকে ০৯/০৩/২০২৩ হতে ৩০/০৩/২০২৩খ্রিঃ তারিখের মধ্যে online-এ আবেদনপত্র দাখিলের পর শুধুমাত্র প্রিন্টেড কপি (Hard Copy) মন্ত্রণালয়ের মাধ্যমে সরকারি কর্ম কমিশন সচিবালয়ে পৌছাতে হবে। প্রার্থীগণকে ওয়েব সাইটে প্রকাশিত বিজ্ঞপ্তি ডাউনলোড করে প্রতিটি নির্দেশনা ভাল করে পড়ে এবং প্রদত্ত তথ্য ও নির্দেশনা অনুসরণ করে ফরম পূরণ করার জন্য নির্দেশনা রয়েছে।

এমতাবস্থায়, অর্ধ-বার্ষিকী বিভাগীয় পরীক্ষা জুন/২০২৩ এ অংশগ্রহণে ইচ্ছুক বিসিএস (গণপূর্ত) ক্যাডারের সহকারী প্রকৌশলী (সিভিল ও ই/এম) কর্মকর্তাগণকে শেষ মুহূর্তের জটিলতা এড়ানোর লক্ষ্যে উল্লিখিত তারিখের পূর্বেই online-এ আবেদনপত্র দাখিল করার জন্য পরামর্শ দেয়া হলো। পরবর্তীতে তা মন্ত্রণালয়ের মাধ্যমে যথাসময়ে বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়ে পৌছানোর কাজে সহযোগিতা করার জন্য আবেদন পত্রের প্রিন্টেড কপি (Hard Copy) দুই ফর্দে আগামী ০৯/০৪/২০২৩খ্রিঃ তারিখ অফিস সময়ের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে এবং আবেদনপত্রের প্রিন্টেড ১(এক) কপি সরাসরি বাংলাদেশ কর্ম কমিশন সচিবালয়ে পৌছাতে হবে।

এখানে উল্লেখ্য যে, আবেদন ফরমে অবশ্যই আবেদনকারী এবং তার উর্দ্ধতন কর্মকর্তার স্বাক্ষর ও সীলমোহর থাকতে হবে।

(Signature)

২-৪-২০২৩

নন্দিতা রাণী সাহা

তত্ত্বাবধায়ক প্রকৌশলী(সংস্থাপন)

ফোন: ০২-২২৩৩৮০৯৯৯

ফ্যাক্স: ০২-৯৫৫৬৬৬৮

ইমেইল: se_est@pwd.gov.bd

সংশ্লিষ্ট সকলকে অবহিত করণসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানিয়ে অনুলিপি প্রেরণ করা হলো।

১) অতিরিক্ত প্রধান প্রকৌশলী (পওবিপ্র)/(স্বাস্থ্য উইং)/(ই/এম), গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।

২) অতিরিক্ত প্রধান প্রকৌশলী, গণপূর্ত জোন, ঢাকা/ ঢাকা মেট্রোপলিটন/ ময়মনসিংহ/ গোপালগঞ্জ/ চট্টগ্রাম/ রাজশাহী/ খুলনা/ বরিশাল/ সিলেট/ রংপুর।

৩) যুগ্মসচিব, প্রশাসন শাখা-৩, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৪) নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত ই/এম এমআইএস বিভাগ-২, ঢাকা। বিজ্ঞপ্তিটি গণপূর্ত অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ করা হলো।